

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১২৪.২৪.৩৭৫

বিষয়: মেসার্স এ এন্ড এ টেক্সটাইল ইন্টাঃ মিলস নামক কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৭২৯, তারিখঃ ২৫/০৮/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেসার্স এ এন্ড এ টেক্সটাইল ইন্টাঃ মিলস, অফিস ও কারখানাঃ মিরেরগাঁও, কাউলতিয়া, ওয়ার্ড নং-২১, গাজীপুর নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যাঃ পরিঃ/কম্পাঃ-০০০০০৭০৯-২০২২, তারিখ-১৩-১২-২০২২ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: নিটিং ও নীট গার্মেন্টস। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে যাম্মাসিক আমদানি স্বত্ব ৩,৫০,০০,০০০/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে মেসার্স এ এন্ড এ টেক্সটাইল ইন্টাঃ মিলস ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৬ষ্ঠ শ্রেণীর আমদানিকারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে যাম্মাসিক আমদানি স্বত্ব ৩,৫০,০০,০০০/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।



০১-০৯-২০২৪

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১২৪.২৪.৩৭৫/১ (৫)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা অংশীদার, মেসার্স এ এন্ড এ টেক্সটাইল ইন্টাঃ মিলস, অফিস ও কারখানাঃ মিরেরগাঁও, কাউলতিয়া, ওয়ার্ড নং-২১, গাজীপুর।;
- ৪। সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং
- ৫। এসিস্টেন্ট মেনেজমেন্ট ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be 'Kamrul Alam'.

০১-০৯-২০২৪

কামরুল আলম
সহকারী পরিচালক